

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 02-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Bye-Election :

ধৰ্মনগর উপনির্বাচনে আগামীকাল এবং চৌঠা এপ্রিল নির্বাচনের কাজে নিযুক্ত কর্মীদের ধৰ্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনে পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ করা হবে। বাড়ি বাড়ি গিয়ে ভোট গ্রহনের প্রক্রিয়া গতকাল শেষ হয়েছে। রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানান, ৮৫ বছর উর্ধ্ব প্রবীণ নাগরিক ও বিশেষভাবে সক্ষম ভোটারদের জন্য বাড়ি বাড়ি গিয়ে ভোট কর্মীরা ভোটগ্রহণ করেছেন। ৮৫ উর্ধ্ব ১১৬ জন প্রবীণ ভোটার ও বিশেষভাবে সক্ষম ৬৯ জন ভোটারের ভোট গ্রহণ করা হয়েছে। ভোটের হার ১০০ শতাংশ।

Census :

দেশের বিভিন্ন অংশে গতকাল থেকে দেশে জনগণনা-২০২৭-এর প্রথম পর্ব শুরু হয়েছে। বিশ্বের বৃহত্তম এই জনগণনায় প্রথমবারের মত ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত হবে এবং স্ব-গণনার সুযোগও থাকবে। রাজ্যে জনগণনা শুরু হবে আগামী ১৭ই জুলাই থেকে। রাজ্যেও দুটি পর্যায়ে জনগণনা করা হবে। প্রথম ধাপে হবে আবাসন গণনা ও বাড়ির তালিকা প্রণয়ন। ১৭ই জুলাই থেকে ৩১ জুলাই পর্যন্ত হবে স্ব-গণনা এবং এ বছরেরই পয়লা আগস্ট থেকে ৩০শে আগস্ট পর্যন্ত প্রথম পর্যায়ে হবে আবাসন গণনা ও বাড়ির তালিকা প্রণয়নের কাজ। দ্বিতীয় ধাপে ২০২৭ সালের ৯ই ফেব্রুয়ারি থেকে ২৮শে ফেব্রুয়ারি পর্যন্ত হবে জনসংখ্যা গণনার কাজ।

Census-President-V. President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুৰ্মু গতকাল রাষ্ট্রপতি ভবনে ২০২৭ সালের আদমশুমারির জন্য সরকারের স্ব-গণনা উদ্যোগে অংশগ্রহণ করেছেন। স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন, রেজিস্ট্রার জেনারেল ও আদমশুমারি কমিশনার মৃত্যুঞ্জয় কুমার নারায়ণ এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে রাষ্ট্রপতি পোর্টালে তাঁর পরিবারের বিবরণ স্ব-গণনা করেন। উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন ২০২৭ সালের আদমশুমারির জন্য অনলাইনে স্ব-গণনার ফর্ম পূরণ করেছেন। সামাজিক মাধ্যমে, উপরাষ্ট্রপতি সমস্ত বাসিন্দাদের নিজ নিজ রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চল দ্বারা বিজ্ঞাপিত সময়কালে সরকারি ওয়েব পোর্টালের মাধ্যমে অনলাইনে তাদের পরিবারের বিবরণ জমা দিয়ে স্ব-গণনা প্রক্রিয়ায় অংশ নিতে উৎসাহিত করেছেন।

PM :

প্রবীণ বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বলেছেন, দরিদ্র ও মধ্যবিত্তের কল্যাণই দলের প্রধান অগ্রাধিকার। আসামের গোগামুখে এক নির্বাচনী জনসভায় ভাষণ প্রসঙ্গে তিনি বলেন, বিজেপি অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের স্বার্থে পরিকাঠামো, শিক্ষা এবং স্বাস্থ্য পরিষেবার ওপর ধারাবাহিকভাবে গুরুত্ব দিয়ে আসছে। শ্রী মোদী বলেন, আসামে এনডিএ শাসনের গত দশ বছরে রাজ্যটি উল্লেখযোগ্য অগ্রগতির সাক্ষী হয়েছে। তিনি আরও যোগ করেন যে, "ডাবল ইঞ্জিন" সরকার রাজ্যে দীর্ঘস্থায়ী শান্তি আনতে সাহায্য করেছে, যার ফলে অনেক যুবক সহিংসতা থেকে দূরে সরে এসে আরও নিরাপদ ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছে। বিশ্বনাথে দ্বিতীয় জনসভায় ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন, বিজেপির লক্ষ্য হল একটি আত্মনির্ভর আসাম গড়ে তোলা।

Restriction Imposed :

ধর্মনগর ও কাঞ্চনপুর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে ৫০০ মিটার এলাকায় সন্ধ্যা ৬টা থেকে পরের দিন সকাল ৬টা পর্যন্ত সময়ে সাধারণ মানুষের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন এই বিধিনিষেধ আরোপ করেছেন। আগামী ৩০শে মে পর্যন্ত এই বিধিনিষেধ বলবৎ থাকবে। এই আদেশ সামরিক, আধা সামরিক ও রাজ্য পুলিশের জওয়ান, অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরী সরকারি কাজে নিয়োজিত সরকারি কর্মচারি এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবেন।

Training Polling Personal :

এডিসি নির্বাচনে জিরানীয়া মহকুমার অন্তর্গত জিরানীয়া নির্বাচনী ক্ষেত্রের জন্য ভোট গ্রহণের কাজে নিযুক্ত প্রিসাইডিং অফিসার ও অন্যান্য ভোট গ্রহণ কর্মীদের দ্বিতীয় পর্বের প্রশিক্ষণ আজ চৌধুরীবাড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। মান্দাইনগর-পুলিনপুর নির্বাচনী ক্ষেত্রের জন্য ভোট গ্রহণের কাজে নিযুক্ত প্রিসাইডিং অফিসার ও অন্যান্য ভোট গ্রহণ কর্মীদের দ্বিতীয় পর্বের প্রশিক্ষণ আগামীকাল অনুষ্ঠিত হবে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি এবং ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া বয়ে যাবারসম্ভাবনা আছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।
